গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা**
লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ৭৭/০৭-৬২২২৬ তারিখ: ১৬.০৯.২০২৫

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

**লালমাটিয়া সরকারি মহিলা কলেজের স্নাতক (পাস)- এ শাখা সমূহ ঃ ১। বিএ ২। বিএসএস ৩। বিবিএস ।**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ১৬/০৯/২০২৫ থেকে ১৫/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

**ভর্তির যোগ্যতা:** বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০২০/২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০২২/২০২৩/২০২৪ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এছাড়াও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও O-Level পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

**আবেদন প্রক্রিয়া:** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Degree Pass Tab এ গিয়ে Apply Now (Degree Passs) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভতি যোগ্য কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অত:পর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর Application ID ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ অথবা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বাতিল করে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবেন। বিস্তারিত জানতে ভিজিট করুন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions).

স্নাতক (পাস) কোর্সের Application ID পাওয়ার পর উক্ত Application ID ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নীট (চার্জ ব্যতীত) ৪০০/- (আটশত) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে ১৯/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। **বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার Application ID দিতে হবে।** উল্লিখিত বিকাশ নম্বরে পেমেন্ট সিলেক্ট করে প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে। অন্য কোন ভাবে উক্ত ফি পরিশোধ করলে তা গ্রহণযোগ্য হবে না।

**অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর **০১৭৫২০০৫০৭১** টাইপ করুন।
২। টাকার পরিমাণ দিন ৪০০+৫ (বিকাশ চার্জ) ৪০৫ টাকা। ৪০৫ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৩। রেফারেন্স হিসেবে স্নাতক (পাস) কোর্সের Application ID এন্ট্রি দিন। Application ID না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৪। বিকাশে পেমেন্ট সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

*২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:

১। *২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন।
২। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
৩। আবেদন ফি বাবদ ৪০০+৫ (বিকাশ চার্জ) ৪০৫ টাকা এন্ট্রি দিন।
৪। রেফারেন্স হিসেবে স্নাতক (পাস) কোর্সের Application ID দিন। Application ID না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৫। কাউন্টার নম্বর ১ লিখে সেন্ড করুন এবং আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেন্ড করুন।

এছাড়াও কলেজে উপস্থিত হয়ে অনলাইন প্রাথমিক আবেদন ফরম জমা দেয়া যাবে।

যে সকল শিক্ষার্থী ৪০৫/- টাকা জমা দিবে শুধু তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে পরবর্তী কর্মদিবসে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে শিক্ষার্থীদের মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। SMS না পেলে www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে Application ID ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে। নিশ্চয়ন না হলে শিক্ষর্থীদেরকে কলেজে যোগাযোগ করতে হবে। নিশ্চয়ন না হলে ভর্তির যোগ্য হবে না।

১৬/০৯/২০২৫